## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার আগস্ট/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রুলী বিশ্বাস, প্রশাসক, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৯/০৮/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ১১-০৭-২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ভ) নং অনুচ্ছেদে বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের ১২/১১/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৫. ০০৪.১৯-৮১৬ (যুক্ত) নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২৪ হতে আগস্ট/২০২৪ পর্যন্ত ০২ (দুই) মাসের উপজেলা পরিষদের অভ্যন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২৪ হতে আগস্ট/২০২৪ পর্যন্ত ০২ (দুই) মাসের (দুই) মাসের উপজেলা পরিষদের অভ্যন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |
| | | (খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনটির উপরের ছাদ দিয়ে পানি পড়ার কারনে জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তিনি আরও জানান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংলগ্ন একটি টয়লেট নির্মাণ করা আবশ্যক। সভায় অনুমোদিত হলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত কাজের জন্য পরবর্তী সভায় প্রাক্কলন প্রস্তুতপূর্বক পেশ করা যেতে পারে। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনটির উপরের ছাদ মেরামত কাজ ও বাসভবন সংলগ্ন একটি টয়লেট নির্মাণ কাজটি পরবর্তী সভায় প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হয়। | (গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন হ্যালিপ্যাড ও স্টেডিয়ামের জমি উন্মুক্ত ডাকের মাধ্যমে বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন বিদ্যুত লাইনের তার নিলামের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে। নিলামের মাধ্যমে বিক্রয়কৃত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের জন্য প্রস্তাব করেন। সভায় সকলে বিদ্যুত লাইনের তার নিলামে মাধ্যমে বিক্রয় এবং বিক্রয়কৃত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের জন্য একমত পোষণ করেন। | (ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন বিদ্যুত লাইনের তার নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলা পরিষদের মালিকানাধীন কেওড়া আবাসিক ভবনের সামনের পুকুর ও পল্লী সঞ্চয় ব্যাংকের পিছনের পুকুর ০২টি বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হয়। | (ঙ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মালিকানাধীন কেওড়া আবাসিক ভবনের সামনের পুকুর ও পল্লী সঞ্চয় ব্যাংকের পিছনের পুকুর ০২টি বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য উন্মুক্ত ডাকের মাধ্যমে ইজারা প্রদানের প্রস্তাব সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিষদের জন্য আসবাবপত্র সংগ্রহ/মেরামত করার নির্দেশনা রয়েছে। নতুন আসবাবপত্র ক্রয় খাতে বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে। উপজেলা পরিষদ অফিস কক্ষে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষে ও উপজেলা প্রকৌশল দপ্তরের অফিস কক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ করেন। উক্ত মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ ভবনের সভাকক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত ও কাজটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ অফিস কক্ষে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষে ও উপজেলা প্রকৌশল দপ্তরের অফিস কক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত ও কাজটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, গত ২৮/০৩/২০২৪ খ্রি. তারিখে মার্চ/২০২৪ মাসের মাসিক সভায় ১(ঙ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে মহেশ্বরীপুর ইউনিয়নের কালিকাপুর চৌরাস্তার মোড় বাজারের গণশৌচাগার নির্মানের প্রকল্পটি অনুমোদিত হয়। বর্তমানে প্রকল্পটির প্রাক্কলণ সংশোধনী আনা প্রয়োজন এবং সভায় অনুমোদন হলে সংশোধিত প্রাক্কলন অনুযায়ী পূর্বের প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br>উক্ত কাজের প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রম নং   নাম ও পদবী   কমিটির পদ<br>১. মোছাঃ হোসনেয়ারা খাতুন, ইউপি সদস্য — সভাপতি<br>২. এস এম ইব্রাহিম, সমাজসেবক — সচিব<br>৩. শামীম হাসান রোজেল, গন্যমান্য — সদস্য<br>৪. জহুরুল হক মুকুল, শিক্ষক — সদস্য<br>৫. আবুল হোসেন, সমাজসেবক — সদস্য<br>৬. আকরাম হোসেন সানা, গন্যমান্য — সদস্য<br>৭. রফিকুল বিশ্বাস, ইমাম — সদস্য | (ছ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে মহেশ্বরীপুর ইউনিয়নের কালিকাপুর চৌরাস্তার মোড় বাজারের গণশৌচাগার নির্মানের জন্য সংশোধিত প্রাক্কলন অনুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রাক্কলনটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান কয়রা উপজেলার কাশিয়াবাদ স্টেশন কর্মকর্তার কার্যালয়ের সামনে নদীর পাড়ে পন্টনের পাশে বসার জন্য ০৪টি এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি বসার বেঞ্চ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল নির্মাণের জন্য প্রস্তাব করেন। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন এবং পরবর্তী সভায় প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে পেশ করার জন্য মতামত প্রদান করেন। | (জ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কয়রা উপজেলার কাশিয়াবাদ স্টেশন কর্মকর্তার কার্যালয়ের সামনে নদীর পাড়ে পন্টনের পাশে বসার জন্য ০৪টি এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ০২টি বসার বেঞ্চ নির্মাণ কাজটি পরবর্তী সভায় প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

<table>
<tr>
<td>০২.</td>
<td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td>
<td>(ক) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার ১% অর্থ সরকারের "৭-ভূমি রাজস্ব" খাতে ট্রেজারী চালনের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অবশিষ্ট অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে জমা প্রদানের নির্দেশনা রয়েছে। সে আলোকে বাংলা ১৪৩০ সনের অত্র উপজেলার মোট ০৯টি খেয়াঘাট/ট্রলার ঘাট/ লঞ্চঘাট ও মৎস্য সেডসমূহের ইজারা লব্দ আয় ও খাস আদায়কৃত অর্থ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার আলোকে উপজেলা নির্বাহী অফিসার,কয়রা, খুলনার (খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট ও মৎস্যসেড) ২৭১৭০০১০১৪৭৪৮ নং চলতি হিসাব হতে বাংলা ১৪৩০ সনের ইজারা লব্দ আয় ও খাস আদায়কৃত অর্থের অবশিষ্ট ৯৯% অর্থ বিভাজন করে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১৭০০১০১৯৭৯৯ নং হিসাবে জমা হয়েছে। যা অত্র উপজেলার ০৭টি ইউনিয়নের মধ্যে জনসংখ্যার ভিত্তিতে সুষম বন্টন করার প্রস্তাব করেন।<br>আজ্ঞ ইউনিয়ন খেয়াঘাটের ইজারালব্দ আয়ের বাংলা ১৪৩০ সনের খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডের ইজারামূল্য ও খাস আদায়কৃত অর্থের ভ্যাট ও আয়কর বাদে ৯,৮২,৬৩৪/৪০ (নয় লক্ষ বিরাশি ছয়শত চৌত্রিশ টাকা চল্লিশ পয়সা)। উল্লিখিত ১৪৩০ সনের অবস্থানগত সুবিধা হিসেবে মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদের জন্য ২০,০০০/- টাকা অবস্থানগত সুবিধা বাদে অবশিষ্ট ৯,৮২,৬৩৪/৪০-২০,০০০)= ৯,৬২,৬৩৪/৪০ (নয় লক্ষ বাষট্টি হাজার ছয়শত চৌত্রিশ টাকা চল্লিশ পয়সা) ০৭টি ইউনিয়নের জনসংখ্যার ভিত্তিতে সুষম বন্টন:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ইউনিয়নের নাম</th><th>প্রাপ্য হার</th><th>বিভাজিত টাকা</th></tr>
<tr><td>১.</td><td>আমাদী</td><td>১৬.৪৪%</td><td>১,৫৮,২৫৭/-</td></tr>
<tr><td>২.</td><td>বাগালী</td><td>১৮.১০%</td><td>১,৭৪,২৩৭/-</td></tr>
<tr><td>৩.</td><td>মহেশ্বরীপুর</td><td>১৭.৩৭%</td><td>১,৬৭,২০৯/-</td></tr>
<tr><td>৪.</td><td>মহেশ্বরীপুর</td><td>অবস্থানগত সুবিধা</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৫.</td><td>মহারাজপুর</td><td>১৬.০৬%</td><td>১,৫৪,৫৯৯/-</td></tr>
<tr><td>৬.</td><td>কয়রা</td><td>১৪.৯০%</td><td>১,৪৩,৪৩৩/-</td></tr>
<tr><td>৭.</td><td>উত্তর বেদকাশী</td><td>৮.১৯%</td><td>৭৮,৮৪০/</td></tr>
<tr><td>৮.</td><td>দক্ষিণ বেদকাশী</td><td>৮.৯৪%</td><td>৮৬,০৫৯/-</td></tr>
<tr><td></td><td></td><td>মোট=</td><td>৯,৮২,৬৩৪/-</td></tr>
</table></td>
<td>(ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বাংলা ১৪৩০ সনের ০৯ টি খেয়াঘাট/ ট্রলারঘাট/লঞ্চঘাট/ মৎস্যসেডের ইজারামূল্য ও খাস আদায়কৃত অর্থের ভ্যাট ও আয়কর বাদে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত অর্থের মধ্য হতে ৯,৮২,৬৩৪/৪০ (নয় লক্ষ বিরাশি ছয়শত চৌত্রিশ টাকা) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/ ২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার আলোকে কয়রা উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়নের মধ্যে সুষম বন্টনের মাধ্যমে বিভাজনকৃত টাকা ছাড়করণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।</td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় আগস্ট/২০২৪ মাসের তথ্য উপস্থাপন করেন চলতি খরিপ-২ মৌসুমে আমন ধানের রোপন ও রোগ-পোকামাকড় দমনের কার্যক্রম চলমান রয়েছে। অফসজিন তরমুজ আবাদ চলমান রয়েছে।<br>২৯০০০ জন কৃষক কৃষাণীর মাঝে নারিকেলের চারা বিতরণ করা হবে এবং ৪১২৫ জন কৃষক কৃষাণীর মাঝে রোপা আউশ ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে।<br>০.০৩ হেঃ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br>জৈব সারের উৎপাদন বৃদ্ধির জন্য ২৫ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৭টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td>পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং চলমান আছে।<br><br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৯০টি কৃষিকথা বই বিতরন করা হয়েছে।<br><br>সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ৩০ কৃষকের নমুনা প্রেরণ করা হয়েছে।<br>কৃষক প্রশিক্ষণ ও উঠান বৈঠকের মাধ্যমে ৭০০ জন কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>ইউনিয়ন পর্যায়ে কিয়াক সেন্টার হতে ৭২০ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৬.</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনার প্রতিনিধি সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UTMIDP) এর আওতায় কয়রা সদরে একটি পাবলিক টয়লেট নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। কয়রা বাজারের উপযুক্ত জায়গার অভাবে পাবলিক টয়লেট এর কাজটি এখনও শুরু করা সম্ভব হয়নি। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে উক্ত টয়লেট নির্মাণের জন্য কয়রা বাজারে ২৫'X৩০' খাস জায়গা বরাদ্দের ব্যবস্থা করা প্রয়োজন মর্মে সভায় জানান। সভার সকলে পরবর্তী সভায় জায়গা নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য একমত পোষণ করেন।</td><td>(ক) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে কয়রা বাজারে পাবলিক টয়লেট নির্মানের জন্য ২৫'X৩০' খাস জায়গা নির্ধারণের পরবর্তী সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জুলাই/২০২৪ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪৩,৭৫২ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩,০৫৮ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৫.৫৬%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০ জন সর্বমোটঃ ০ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ২৬ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ৪১ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪,১৩৭ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২০,৯৯৮ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>২,০৯১ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭৩৭জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>২৮৩ জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৫০ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০৪ জন ও সিএসবিএ কর্তৃকঃ ০১ জন সর্বমোটঃ ০৫ জন।</td></tr>
<tr><td>জীবিত জন্ম</td><td>০৫ জন</td></tr>
<tr><td>মাতৃমৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু মৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>কেন্দ্র</td><td>৫০৪ জন</td></tr>
<tr><td>কেন্দ্রের বাহিরে</td><td>৭০ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী</td><td>৩১৮৪ জন</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

<table>
<tr><td>০৯.</td><td>উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১০.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৬ টি। ২০২২-২৩ অর্থ বছরে ২,৩৪,০৫০/- টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এর মধ্যে ১,৮০,৫৯০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিল ৭৩,৪১২/- টাকা ধার্য করা হয়েছে এর মধ্যে ৪৭,২১০/- টাকা আদায় করা হয়েছে। যা সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে ব্যয় করা হয়ে থাকে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যদেরকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭৩,৪৮৮/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৪৭৩/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা।</td><td>উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১৬.</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা আগস্ট/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>টাকা/পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>মোট ঋণ তহবিল</td><td>২৫,৩৮,৮০০/-</td><td></td></tr>
<tr><td>২.</td><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>২,১২,৩১,৫০০/-</td><td></td></tr>
<tr><td>৩.</td><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>০</td><td></td></tr>
<tr><td>৪.</td><td>চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ</td><td>১,১৩,১০০/-</td><td></td></tr>
<tr><td>৫.</td><td>চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ</td><td>১,০৮,১০০/-</td><td></td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| ৬. | চলতি মাসে আদায়ের হার | ৯৫% |
| ৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ১,৯৭,০৭,২৯০/- |
| ৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | ১,৯৩,৯৬,০৬৮/- |
| ৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | ৯৭% |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ খেলাপী টাকার পরিমাণ | ৩,৮৪,৪৩২/- |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | ৩০,৫৯০/- |
| ১২. | ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ জোরদারকরণ | ০ জন |
| ১৩. | ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ (রাজস্ব) | ০ জন |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে (জোরদার+রাজস্ব) | ৯২১৮ জন |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | ০ জন |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | ৪৬৪৫ জন |
| ১৭. | ঋণী সংখ্যা<br>রাজস্ব<br>জোরদারকরণ প্রকল্প<br>পরিবার | <br>১০২২ জন<br>১৩ জন<br>৩৪০ জন |

তিনি আরও জানান দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

**১৭. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।**

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা জুলাই/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন

| কর্মসূচির নাম | সঞ্চয় আদায় | মাসে ঋণ বিতরণ | মাসে আদায় | মাঠে বকেয়া | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | চলতি | মেয়াদ উত্তীর্ণ | মোট |
| মূল/কর্মসূচি/আবর্তক | ০.০০ | ০.০০ | ২.৭৯ | ৯৮.৫৪ | ১৬.৮৩ | ১১৫.৩৭ |
| সমন্বিত | ০.০১ | ০.০০ | ২.০৬ | ৪৭.২৪ | ৪৭.৪২ | ৯৪.৬৬ |
| পল্লী প্রগতি কর্মসূচি | ০.০০ | ০.০০ | ০.২১ | ৫৫.৯৯ | ৪.৪৩ | ৫৯.৬৩ |
| বীর মুক্তিযোদ্ধা | ০.০০ | ০.০০ | ০.০০ | ১.৭৮ | ২.৭০ | ৪.৪৮ |
| ইরেসপো | ০.০৫ | ০.০০ | ০.৬৭ | ২৮৭.৭৪ | ২৫.৬৬ | ৩১৩.৪০ |
| গুচ্ছগ্রাম | ০.০০ | ০.০০ | ০.০০ | ১০.১২ | ০.০০ | ১০.১২ |

তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

সিদ্ধান্ত: --  বাস্তবায়নে: --

**১৮. উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা।**

উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

সিদ্ধান্ত: --  বাস্তবায়নে: --

**১৯. পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা।**

শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান।

সিদ্ধান্ত: --  বাস্তবায়নে: --

**২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা।**

উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৩৬,৯২,০০০/- (ছত্রিশ লক্ষ বিরানব্বই হাজার) টাকা নারী উদ্যোক্তার মধ্যে ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৬%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।

সিদ্ধান্ত: --  বাস্তবায়নে: --

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৮৫/- |
| ০৫. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার জুলাই/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৫,০০০/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর জুলাই/২০২৪ মাসের মজুরী বিল। | ১১,০০০/- |
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের জুলাই/২০২৪ মাসের মজুরী বিল। | ১২,১০০/- |
| ০৮. | উপজেলা পরিষদ সভাকক্ষে বিদ্যুত লাইনের মালামাল ক্রয় ও মেরামত কাজের ব্যয় বিল। | ২৪,৯০০/- |
| ০৯. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বৈদ্যুতিক লাইনের টুকিটাকি কাজের ব্যয় বিল। | ২০,৬৫০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৮/২০২৪
রুলী বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-২৩ (৪৫) তারিখঃ ২৯-০৮-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৫। উপজেলা.......................................................অফিসার, কয়রা, খুলনা।
০৬। চেয়ারম্যান......................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
০৭। জনাব ................................................................,কয়রা, খুলনা।

২৯/০৮/২০২৪
রুলী বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd